

## 📖 শরী'আতের স্বয়ংসম্পূর্ণতা ও বিদ'আতের ভয়াবহতা

বিভাগ/অধ্যায়ঃ ইবাদত কবুল হওয়ার পূর্বশর্ত

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

### ইবাদত কবুল হওয়ার পূর্বশর্ত

সুতরং কোনো ইবাদত ততক্ষণ পর্যন্ত নেক আমল বা আমলে সালেহ বলে গণ্য হবে না যতক্ষণ পর্যন্ত তার মধ্যে দুটি শর্ত না পাওয়া যাবে:

এক- ইখলাস।

দুই- রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অনুকরণ।

আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অনুকরণ উল্লিখিত ছয়টি বিষয় না পাওয়া যাওয়া পর্যন্ত বাস্তবায়িত হয় না।

আমি ঐ সব লোকদের বলব, তোমরা যারা বিদ'আতে লিপ্ত হয়েছ অথচ তোমাদের উদ্দেশ্য ভালো এবং তোমরা কল্যাণ চাও, আল্লাহর কসম করে বলছি, আমি তোমাদের জন্য সালাফে সালেহীনের পথ ও পদ্ধতির চেয়ে উত্তম কোনো পথ ও পদ্ধতি জানি না।

হে আমার ভাইয়েরা! তোমরা আল্লাহর রাসূলের সুন্নাতকে মজবুত করে আঁকড়ে ধর। তোমরা পূর্বসূরিদের সুন্নাতের অনুসরণ কর। তারা যে পথের ওপর ছিল তোমরাও সে পথের ওপর থাক। দেখো তা তোমাদের কোনো প্রকার ক্ষতি করতে পারে কিনা?

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=10188>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন